গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-**২৯**

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

## পরিপত্র

**বিষয়: ক) গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদন বিষয়ে আর্থিক ক্ষমতা অর্পণ।**

**খ) সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে আর্থিক ক্ষমতা অর্পণ।**

প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়ন ও ক্রয় সংক্রান্ত বিদ্যমান আইন ও বিধিমালার সাথে সামঞ্জস্য রেখে অর্থ বিভাগের ১৬/০৮/২০১৫ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৬ ও ০৬/১২/২০১৬ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩. ২০১০-৬৪৭ নং স্মারকসমূহের মাধ্যমে জারিকৃত গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সকল পূর্তকাজ/পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়/সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বোর্ড অব ডাইরেক্টরস/ সংস্থার নির্বাহী প্রধান/প্রকল্প পরিচালকগণকে প্রদত্ত আর্থিক ক্ষমতা সংশোধনক্রমে সংযুক্ত তালিকার (সংযোজনী) বর্ণনা অনুযায়ী অধিকতর আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো।

২। তাছাড়া ১৬/০৮/২০১৫ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০১০-৫৭৬ ও ০৬/১২/২০১৬ তারিখের ০৭.১১১.০৩১. ০১.০০.০১৩.২০১০-৬৪৭ নং স্মারকসমূহের মাধ্যমে জারিকৃত সংবিধিবদ্ধ সংস্থার স্ব-অর্থায়নপুষ্ট প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে সকল পূর্তকাজ/পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়/সম্পাদন এবং পরামর্শক সেবা গ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগ/বোর্ড অব ডাইরেক্টরস/সংস্থার নির্বাহী প্রধান/প্রকল্প পরিচালকগণকে প্রদত্ত আর্থিক ক্ষমতা সংশোধনক্রমে সংযুক্ত তালিকার (সংযোজনী) বর্ণনা অনুযায়ী অধিকতর আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো।

৩। পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত চুক্তি অনুমোদন/সম্পাদনের এ আর্থিক ক্ষমতা কেবলমাত্র অনুমোদিত উন্নয়ন/পরিচালন বাজেটে বরাদ্দ থাকাসহ সরকারি ক্রয় আইন (পিপিএ-২০০৬), সরকারি ক্রয় বিধিমালা (পিপিআর-২০২৫) এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন সাপেক্ষে প্রযোজ্য হবে।

৪। পূর্তকাজ সম্পাদন/পণ্য ক্রয়/পরামর্শক সেবা গ্রহণ এর মূল্য যাই হউক না কেন সুবিধা প্রদান চুক্তি (Concession Contract: BOO, BOT, BOOT ইত্যাদি), লীজ (Lease), সরবরাহকারী ঋণ (Suppliers Credit) এবং ক্রেতা ঋণ (Buyer's Credit) এর আওতায় সম্পাদিতব্য সকল চুক্তি অনুমোদন/সম্পাদনের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

৫। (ক) যে সকল কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা ইতোমধ্যে তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণ করেছে এবং উক্ত আর্থিক ক্ষমতা যদি সংযোজনীতে বর্ণিত আর্থিক ক্ষমতা হতে অধিক হয়ে থাকে তবে সে সকল কর্মকর্তাদের ক্ষেত্রে সংযোজনীতে বর্ণিত আর্থিক ক্ষমতার আলোকে পুনর্বিন্যাস করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) যে সকল কর্পোরেশন/স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা এখনও তাদের ক্রয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট আর্থিক ক্ষমতা অর্পণ করেনি বা অর্পণ করে থাকলেও তা সংযোজনীতে বর্ণিত ক্ষমতা হতে কম, সে সকল কর্মকর্তাদের আর্থিক ক্ষমতা সংযোজনীতে বর্ণিত আর্থিক ক্ষমতার আলোকে উন্নীত বা পুনর্বিন্যাস করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের সাথে স্বাক্ষরিত চুক্তিতে অন্তর্ভুক্ত আর্থিক ক্ষমতা ব্যবহারের নীতি ও পদ্ধতির সাথে এ আদেশ এবং সংযোজনীতে বর্ণিত নীতি ও পদ্ধতির কোন বিরোধ দেখা দিলে উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের নীতি ও পদ্ধতি প্রযোজ্য হবে।

৬। মন্ত্রণালয়/বিভাগ, বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায়, কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান এবং বাস্তবায়নকারী কর্মকর্তা/প্রকল্প পরিচালক/ব্যবস্থাপকগণ এ পরিপত্রের মাধ্যমে তাদের অর্পিত আর্থিক ক্ষমতা সম্পূর্ণ বা আংশিকভাবে তাদের অধীনস্থ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কর্মকর্তাগণকে অর্পণ করতে পারবেন।

৭। প্রতি অর্থবছরের শুরুতে বাৎসরিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রণয়নপূর্বক সংস্থার নির্বাহী প্রধান কিংবা তাঁর দ্বারা মনোনীত কর্মকর্তার নিকট হতে যে অনুমোদন গ্রহণ করা হবে তাই প্রশাসনিক অনুমোদন হিসেবে বিবেচিত হবে।

৮। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৯। ইতঃপূর্বে জারীকৃত এ সংক্রান্ত সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

১৯/০১/২৬

(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)
অর্থ সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), ........................................................মন্ত্রণালয়/বিভাগ।
৫। সদস্য (সকল), ..........................................................................বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক (সকল সংস্থা)........................................................।
৮। হিসাব মহানিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার ............................................মন্ত্রণালয়/বিভাগ।

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-**২৯**

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, (এফএসএমইউ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

২০.০১.২০২৬

(মোঃ তারিকুল ইসলাম খান)
যুগ্মসচিব (বাজেট-৪)
ফোনঃ ০২-৯৫১৪৪৬১
e-mail: tikhan@finance.gov.bd

## ক) উন্নয়ন খাত:

| ক্রমিক নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড লেভেল -৪ | প্রাতিষ্ঠানিক লেভেল -২ মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক লেভেল -৩ কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/ সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী/ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | প্রাতিষ্ঠানিক স্তর-৪ কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | অপারেশনাল লেভেল-৪ প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক-শ্রেণি*৩ (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | কার্য (Works) (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১ | ১০০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ২৫ কোটি টাকা পর্যন্ত | ২০ কোটি টাকা পর্যন্ত | ১৫ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/মালামাল/সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১ | ১০০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ২০ কোটি টাকা পর্যন্ত | ১০ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত | ৩ কোটি টাকা পর্যন্ত |
| ৩. | ভৌত সেবা (ক্যাটারিং সেবা, এম্বুলেন্স সেবা, পরিবহন সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, প্লাম্বিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা, নিরাপত্তা সেবা, পিএসআই, আউটসোর্সিং ইত্যাদি) পিপিআর ২০২৫, বিধি ১(৪৮) চুক্তি অনুমোদন*১ | ১৫ কোটি টাকা পর্যন্ত পূর্ণ ক্ষমতা<br>নিম্নরূপ শর্ত সাপেক্ষেঃ<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপির ক্রয় পরিকল্পনা এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০২৫ এর বাস্তবায়ন পদ্ধতি, ক্রয় প্রক্রিয়াকরণ ও অনুমোদন পদ্ধতি এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | ৫ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৪ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ৩ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ২ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) | ১ কোটি টাকা পর্যন্ত (কলাম ৩ এর শর্ত পালন সাপেক্ষে) |

| ক্রমিক নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড লেভেল -৪ | প্রাতিষ্ঠানিক লেভেল -২ মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক লেভেল -৩ কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/ সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী/ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | প্রাতিষ্ঠানিক স্তর-৪ কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | অপারেশনাল লেভেল-৪ প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক-শ্রেণি*৩ (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪ | পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১ | ৩০ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত | ৭ কোটি টাকা পর্যন্ত | ৫ কোটি টাকা পর্যন্ত | ৩ কোটি টাকা পর্যন্ত | ১ কোটি টাকা পর্যন্ত |
| ৫ | বিপরীত নিলাম (Reverse Auction) পদ্ধতি প্রয়োগের মাধ্যমে অনলাইনে পণ্য ক্রয়ের আর্থিক মূল্যসীমা পিপিআর ২০২৫-বিধি ৯৫(১) | প্রতিক্ষেত্রে সর্বোচ্চ ৩ লক্ষ টাকা<br>যার বার্ষিক সীমা সর্বোচ্চ ২০ লক্ষ টাকা | কলাম (৩) এর অনুরূপ | কলাম (৩) এর অনুরূপ | কলাম (৩) এর অনুরূপ | কলাম (৩) এর অনুরূপ | কলাম (৩) এর অনুরূপ |
| ৬ | (ক) কোটেশনের (RFQ) মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রেঃ পিপিআর, ২০২৫ বিধি ৯০(১) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্য: প্রতিক্ষেত্রে অনধিক ৮ লক্ষ টাকা তবে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>(খ) কার্য (Works) বা ভৌত সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে অনধিক ১৫ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ১০০ লক্ষ টাকা।<br>শর্তাবলী:<br>১) অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>২) অনুমোদিত বার্ষিক বাজেট বরাদ্দের বিভাজনে অন্তর্ভুক্ত থাকতে হবে।<br>৩) পিপিএ, ২০০৬, | (ক) পণ্য: প্রতিক্ষেত্রে অনধিক ৮ লক্ষ টাকা তবে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা।<br>(খ) কার্য (Works) বা ভৌত সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে অনধিক ১২ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৮৫ লক্ষ টাকা।<br>শর্তাবলী কলাম (৬) এর অনুরূপ | (ক) পণ্য: প্রতিক্ষেত্রে অনধিক ৮ লক্ষ টাকা তবে বৎসরে সর্বোচ্চ ৪০ লক্ষ টাকা।<br>(খ) কার্য (Works) বা ভৌত সেবা ক্রয়ঃ প্রতিক্ষেত্রে অনধিক ১২ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৭৫ লক্ষ টাকা।<br>শর্তাবলী কলাম (৬) এর অনুরূপ |

| ক্রমিক নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড লেভেল -৪ | প্রাতিষ্ঠানিক লেভেল -২ মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক লেভেল -৩ কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/ সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী/ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | প্রাতিষ্ঠানিক স্তর-৪ কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | অপারেশনাল লেভেল-৪ প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক-শ্রেণি*৩ (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | পিপিআর, ২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে। | | |
| | (খ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য-কোটেশনের (RFQ) মাধ্যমে ক্রয়, পিপিআর ২০২৫ বিধি ৯০(৬) (খ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়: ২৫ লক্ষ টাকা পর্যন্ত। | | |
| ৭ | সরাসরি ক্রয়ের (DPM) ক্ষেত্রেঃ | | | | | | |
| | ক) জরুরী পরিস্থিতিতে, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয় পিপিআর ২০২৫, বিধি ৯৯ ((১) (ঠ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রতিক্ষেত্রে অনধিক ১ কোটি টাকা তবে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিবের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৭ কোটি টাকা | | |
| | খ) অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য বা ভৌত সেবা ক্রয় বিধি ৯৯ (১) (ড) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রতিক্ষেত্রে এককালীন ৩ লক্ষ টাকা পর্যন্ত তবে বছরে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা। (ক্রয়কারী কার্যালয়ের প্রধানের (HOPE) অনুমোদনক্রমে) | | |
| | খ) নগদ ক্রয় (Cash Purchase) পিপিআর ২০২৫, বিধি ১০০(১) | প্রতিক্ষেত্রে অনধিক অনধিক ৭৫ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা। | কলাম (৩) এর অনুরূপ | কলাম (৩) এর অনুরূপ | প্রতিক্ষেত্রে অনধিক অনধিক ৫০ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ২০ লক্ষ টাকা। | প্রতিক্ষেত্রে অনধিক অনধিক ৪০ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ১৫ লক্ষ টাকা। | প্রতিক্ষেত্রে অনধিক অনধিক ৩০ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা। |
| | গ) ফোর্স একাউন্টের (Force Account) অধীন পিপিআর ২০২৫, বিধি ১০১(১) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীন সরাসরি শ্রমিক নিয়োগ: প্রতিক্ষেত্রে ৪ লক্ষ টাকা পর্যন্ত। | | |

| ক্রমিক নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড লেভেল -৪ | প্রাতিষ্ঠানিক লেভেল -২ মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক লেভেল -৩ কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/ সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী/ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | প্রাতিষ্ঠানিক স্তর-৪ কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | অপারেশনাল লেভেল-৪ প্রকল্প পরিচালকের (এডিপি/নন-এডিপি) নিকট অর্পণকৃত ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক-শ্রেণি*৩ (১০০ কোটি টাকার উর্ধ্বে) | খ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকার উর্ধ্বে, ১০০ কোটি টাকা পর্যন্ত) | গ-শ্রেণি*৩ (৫০ কোটি টাকা পর্যন্ত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৮ | তালিকাভুক্ত সরবরাহকারী/ ঠিকাদারের নিকট থেকে সীমিত দরপত্র (LTM) পদ্ধতি মাধ্যমে ক্রয় পিপিআর, ২০২৫ এর বিধি ৮০ ১(ঘ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্য এবং ভৌত সেবাঃ অনধিক ৫০ লক্ষ টাকা<br>খ) অভ্যন্তরীণ কার্যঃ অনধিক ৫ কোটি টাকা<br>নোটঃ আর্থিক ক্ষমতার ২৬ নং ক্রমিকের ৫ নং কলমের বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করত হবে। | | |
| ৯ | বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয় | | | | | | |
| | ক) একক উৎস ভিত্তিক পরামর্শক নির্ধারণ, পিপিআর, ২০২৫ এর বিধি ১২৫(ঘ)(২)(আ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) ব্যক্তি পরামর্শক সর্বাধিক ২০ লক্ষ টাকা<br>খ) পরামর্শক প্রতিষ্ঠান (ফার্ম) সর্বাধিক ৩০ লক্ষ টাকা | | |
| | (খ) সর্বনিম্ন ব্যয় ভিত্তিক পরামর্শক নির্বাচন, পিপিআর, ২০২৫ এর বিধি ১২৫(ক) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | অনধিক ১ কোটি টাকা | | |
| | (গ) পরামর্শকের যোগ্যতা ভিত্তিক নির্বাচন, পিপিআর, ২০২৫ এর বিধি ১২৫(খ) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | অনধিক ১৫০ লক্ষ টাকা | | |

*১ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/ সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থার সমূহের কার্য (Works) সম্পাদন ও পণ্য ক্রয়ের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে ও বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ৩০ কোটি টাকার এবং ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ১৫ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ কোম্পানী আইন ১৯৯৪ এর আওতায় নিবন্ধিত সকল কোম্পানীর ক্ষেত্রে পিপিআর ২০২৫ এর ৪৭(৩) বিধি সাপেক্ষে ***১** প্রযোজ্য হবে;

*৩ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৬,৭ অথবা ৮ অনুসরণ করতে হবে;

*৪ পরিচালনা পর্ষদ/সংস্থার নির্বাহী প্রধান প্রয়োজন বোধে তাহাদের স্ব স্ব সংস্থায় কর্মরত কর্মকর্তাদেরকে জাতীয় বেতন স্কেলের গ্রেড অনুসরণেও এ আর্থিক ক্ষমতা অর্পণ করতে পারবেন।

গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/ সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থার/ প্রতিষ্ঠানসমূহের পণ্য/কার্য (Works)/ভৌত সেবা/পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত {(পিপিআর, ২০২৫, ১৩(২)} ক্রয় চুক্তি অনুমোদন/ সম্পাদন বিষয় ও স্ব-অর্থায়নপুষ্ঠ প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদনে নিম্নবর্ণিতভাবে আর্থিক ক্ষমতা প্রদানের সুপারিশ করা হ'ল:

**খ) পরিচালন খাত:**

| ক্রমিক নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড স্তর-৪ | প্রাতিষ্ঠানিক স্তর-২ মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক স্তর-৩ কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/ সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী /সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | প্রাতিষ্ঠানিক স্তর-৪ কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | প্রাতিষ্ঠানিক স্তর-৫ আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণ*৩ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | কার্য (Works) (নির্মাণ/স্থাপনা) সম্পাদনের ক্ষেত্রে*১ | ১০০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ১৬ কোটি টাকা পর্যন্ত | ৪ কোটি টাকা পর্যন্ত |
| ২. | পণ্য/যন্ত্রপাতি/মালামাল/সরঞ্জামাদি সংগ্রহের ক্ষেত্রে*১ | ৫০ কোটি টাকা পর্যন্ত | ৩০ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত |
| ৩. | পরামর্শক সেবা (কনসালটেন্সি সার্ভিসেস) গ্রহণ*১ | ২০ কোটি টাকা পর্যন্ত | ৮ কোটি টাকা পর্যন্ত | ২ কোটি টাকা পর্যন্ত (বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যানের ক্ষেত্রে ৫ কোটি টাকা পর্যন্ত | বরাদ্দ সাপেক্ষে পূর্ণ ক্ষমতা |
| ৪ | ভৌত সেবা (ক্যাটারিং সেবা, এম্বুলেন্স সেবা, পরিবহন সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, প্লাম্বিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা, নিরাপত্তা সেবা, পিএসআই, আউটসোর্সিং ইত্যাদি) পিপিআর ২০২৫, বিধি ১(৪৮) | বিদ্যমান বিধি বিধান প্রতিপালন ও বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ১০ কোটি টাকা পর্যন্ত | বিদ্যমান বিধি বিধান প্রতিপালন ও বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৪ কোটি টাকা পর্যন্ত | বিদ্যমান বিধি বিধান প্রতিপালন ও বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ১ কোটি টাকা পর্যন্ত | বিদ্যমান বিধি বিধান প্রতিপালন ও বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে প্রতি ক্ষেত্রে ৫০ লক্ষ টাকা পর্যন্ত |
| ৫ | কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রেঃ {পিপিআর-২০২৫ বিধি ৯০(১), বিধি ৯০(৬)) | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) পণ্য ক্রয়: প্রতিক্ষেত্রে এককালীন ৫ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা।<br>খ) কার্য বা ভৌত সেবা ক্রয়: প্রতিক্ষেত্রে এককালীন ১০ লক্ষ টাকা তবে বছরে সর্বোচ্চ ৬০ লক্ষ টাকা।<br>গ) জাতীয় পতাকাবাহী বাহনের রক্ষণাবেক্ষণ ও জরুরী মেরামত কাজের জন্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়: ২৫ লক্ষ টাকা পর্যন্ত। | |

| ক্রমিক নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড স্তর-৪ | প্রাতিষ্ঠানিক স্তর-২ মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক স্তর-৩ কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/ সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী /সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | প্রাতিষ্ঠানিক স্তর-৪ কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | প্রাতিষ্ঠানিক স্তর-৫ আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণ*৩ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৬. | সরাসরি ক্রয়ের ক্ষেত্রেঃ {পিপিআর-২০২৫ বিধি ৯৯ (১) (ঠ), বিধি ৯৯ (১) (ড), বিধি ১০০ (১), বিধি ১০১(১অনুসরণে} | প্রযোজ্য নয়*২ | প্রযোজ্য নয়*২ | ক) নগদ ক্রয়: প্রতিক্ষেত্রে এককালীন ৪০ হাজার টাকা তবে বছরে সর্বোচ্চ ১৫ লক্ষ টাকা।<br>খ) অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য বা ভৌত সেবা ক্রয়: প্রতিক্ষেত্রে অনধিক ২ লক্ষ টাকা পর্যন্ত। তবে ক্রয়কারী কার্যালয় প্রধানের (HOPE) অনুমোদনক্রমে সর্বোচ্চ ৭ লক্ষ টাকা।<br>গ) বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে ফোর্স একাউন্টের অধীনে সরাসরি শ্রমিক নিয়োগ: প্রতিক্ষেত্রে অনধিক ৪ লক্ষ টাকা পর্যন্ত।<br>ঘ) জরুরী পরিস্থিতিতে, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয়: প্রতিক্ষেত্রে ১ কোটি টাকা তবে বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিবের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৭.০০ কোটি টাকা। | |
| ৭. | তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদারের নিকট থেকে সীমিত দরপত্র (LTM) পদ্ধতি মাধ্যমে ক্রয় পিপিআর, ২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) | ক) পণ্য ভৌত সেবা এবং একক সেবাদান মূলক চুক্তি: অনধিক ৫০ লক্ষ টাকা<br>খ) অভ্যন্তরীণ কার্যঃ অনধিক ৫.০০ কোটি টাকা<br><br>নোটঃ আর্থিক ক্ষমতার ক্রমিক ২৬ এর ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে। | ক) পণ্য, ভৌত সেবা এবং একক সেবাদান মূলক চুক্তি: অনধিক ৫০ লক্ষ টাকা<br>খ) অভ্যন্তরীণ কার্যঃ অনধিক ৫কোটি টাকা<br><br>নোটঃ আর্থিক ক্ষমতার ক্রমিক ২৬ এর ৫ নং কলামে বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে। | ক) পণ্য, ভৌত সেবা এবং একক সেবাদান চুক্তি অনধিক ৫০ লক্ষ টাকা<br>খ) অভ্যন্তরীণ কার্যঃ অনধিক ৫কোটি টাকা<br><br>নোটঃ আর্থিক ক্ষমতার ২৬ নং ক্রমিকের ৫ নং কলমের বর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করত হবে। | |
| ৮. | একক উৎস ভিত্তিক পরামর্শক নির্ধারণ পিপিআর-২০২৫ বিধি ১২৫(ঘ) (২) (আ) | ক) ব্যক্তি পরামর্শক সর্বোচ্চ ২০.০০ লক্ষ টাকা। | ক) ব্যক্তি পরামর্শক সর্বোচ্চ ২০ লক্ষ টাকা<br>খ) পরামর্শক প্রতিষ্ঠান (ফার্ম) ৩০ লক্ষ | ক) ব্যক্তি পরামর্শক সর্বোচ্চ ২০ লক্ষ টাকা<br>খ) পরামর্শক প্রতিষ্ঠান (ফার্ম) সর্বোচ্চ ৩০ লক্ষ টাকা | |

| ক্রমিক নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড স্তর-৪ | প্রাতিষ্ঠানিক স্তর-২ মন্ত্রণালয়/বিভাগের নিকট অর্পণকৃত ক্ষমতা | প্রাতিষ্ঠানিক স্তর-৩ কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/ সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী /সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় | প্রাতিষ্ঠানিক স্তর-৪ কর্পোরেশন/সংস্থার নির্বাহী প্রধান | প্রাতিষ্ঠানিক স্তর-৫ আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণ*৩ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | খ) পরামর্শক প্রতিষ্ঠান (ফার্ম) সর্বোচ্চ ৩০.০০ লক্ষ টাকা। | টাকা | | |

*১ গণখাতে কর্পোরেশন/স্বায়ত্তশাসিত/সরকারি বা যৌথ মালিকানাধীন কোম্পানী/ সংবিধিবদ্ধ সংস্থাসমূহের বোর্ড অব ডাইরেক্টরস বা সমপর্যায় কার্যের অনুমোদনের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে, পণ্য/মালামাল/যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ৫০ কোটি টাকার উর্ধ্বে, বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (পরামর্শক সেবা) গ্রহণের ক্ষেত্রে ২০ কোটি টাকার উর্ধ্বে এবং ভৌত সেবা ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য প্রেরণ করতে হবে;

*২ কোম্পানী আইন ১৯৯৪ এর আওতায় নিবন্ধিত সকল কোম্পানীর ক্ষেত্রে পিপিআর ২০২৫ এর ৪৭(৩) বিধি সাপেক্ষে ***১** প্রযোজ্য হবে;

*৩ মন্ত্রণালয়/বিভাগ কিংবা সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কলাম ৫ অথবা ৬ অনুসরণ করতে হবে;

*৪ জাতীয় বেতন স্কেলের পঞ্চম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ এ আর্থিক ক্ষমতা ব্যবহার করতে পারবেন। পঞ্চম গ্রেডের নিম্নের আঞ্চলিক অফিস/ইউনিট প্রধানগণকে এ আর্থিক সীমার ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য তাদেরে নিয়ন্ত্রণকারী পঞ্চম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নিকট উপস্থাপন করতে হবে।